বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

(www.btebadmission.gov.bd)

সরকারি (এগ্রিকালচার, ফিসারিজ, ফরেষ্টি, লাইভস্টক ও মেরিন) ও বেসরকারি ডিপ্লোমা এ ভর্তির নির্দেশিকা

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

প্রোগ্রামসমূহঃ

সরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেষ্টি, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন-মেরিন/শিপ বিল্ডিং এবং বেসরকারি প্রতিষ্ঠানের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ও ডিপ্লোমা ইন লেদার টেকনোলজি ।

ভর্তি যোগ্যতাঃ

১। ক) সরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেষ্টি, ডিপ্লোমা ইন লাইভস্টক, এর ক্ষেত্রে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে ডিজিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ও লেভেল যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্যান্য দুটি বিষয়ে ন্যুনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) ডিপ্লোম ইন মেরিন/শিপ বিল্ডিং এর ক্ষেত্রে ২০১৬ থেকে ২০১৮ দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং 'ও' লেভেল যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্যান্য দুটি বিষয়ে ন্যুনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। বেসরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ও ডিপ্লোমা ইন লেদার টেকনোলজি এর ক্ষেত্রে ২০০৯ থেকে ২০১৮ সাল পর্যন্ত দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে ডিজিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ও লেভেল যেকোন একটি বিষয়ে 'ডি' গ্রেড এবং গণিতসহ অন্যান্য দুটি বিষয়ে ন্যুনতম 'ই' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

সাধারণ নির্দেশনা

- ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী ও ফলাফল নির্ধারিত ওয়েবসাইট www.btebadmission.gov.bd এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/ নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- অন-লাইনে সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠান/টেকনোলজি-এ আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র) ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) ও শিওরক্যাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।
- অন-লাইন আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন / চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। অন-লাইনের **মাধ্যমে ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়:**

ধাপসমূহ	করণীয়
১.১ আবেদন ফি প্রদান পদ্ধতি	অন-লাইনে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) ও শিওরক্যাশ এর মাধ্যমে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র) প্রদান করতে হবে। নিম্নে রকেট এবং শিওরক্যাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান Flow Chart এর মাধ্যমে দেখানে হল। **<u>ক) রকেটের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ</u>**  Rocket একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য *322# ডায়াল করে নিম্নরূপ ধাপগুলো অনুসরণ করতে হবে: ধাপ-১: Payment-এর জন্য 1 press করতে হবে। ধাপ-২: প্রদর্শিত মেসেজে Bill Pay-এর জন্য 1 press করতে হবে। ধাপ-৩: নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে 1 ডায়াল করে "Self" অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে Payment-দিতে চাইলে 2 ডায়াল করে "Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নম্বর দিতে হবে। ধাপ-৪: Biller ID ফিল্ডে সরকারী প্রতিষ্ঠানের জন্য 245 এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য 272 টাইপ করতে হবে। **<u>উল্লেখ্য যে, ডিপ্লোমা ইন-মেরিন/শিপ বিল্ডিং এর ক্ষেত্রে Biller ID ফিল্ডে 220 টাইপ করতে হবে।</u>** ধাপ-৫: Answer প্রেস করে Bill Number ফিল্ডে YearBoardRoll প্রদান করতে হবে। **<u>উল্লেখ্য যে, ডিপ্লোমা ইন-মেরিন/শিপ বিল্ডিং এর ক্ষেত্রে Bill Number ফিল্ডে ShiftYearBoardRoll প্রদান করতে হবে এবং Shift স্থলে D টাইপ করতে হবে।</u>** ধাপ-৬: Answer প্রেস করে Amount ফিল্ডে Tk. 150 টাকা দিতে হবে (ব্যাংক চার্জ সহ)। ধাপ-৭: Answer প্রেস করে রকেট একাউন্টের চার সংখ্যার গোপন PIN Number দিতে হবে। ধাপ-৮: উক্ত প্রক্রিয়া Successful হলে 16216 নম্বর থেকে একটি Payment Confimation মেসেজ পাওয়া যাবে যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। **বিভিন্ন শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কোডসমূহঃ** ঢাকা বোর্ড - DHA, কুমিল্লা বোর্ড - COM, রাজশাহী বোর্ড - RAJ, যশোহর বোর্ড - JES, চট্টগ্রাম বোর্ড - CHI, বরিশাল বোর্ড - BAR, সিলেট বোর্ড - SYL. মাদরাসা বোর্ড - MAD, দিনাজপুর বোর্ড - DIN, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় - BOU, অন্যান্য - OTH।

ধাপসমূহ	করণীয়

খ) শিওরক্যাশ-এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ

ভর্তি আবেদন ফি পরিশোধ করতে নীচের ধাপগুলি অনুসরণ করুন:



শিওরক্যাশ-এর একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য *495# ডায়াল করে নিম্নরূপ ধাপগুলো অনুসরণ করতে হবে:

ধাপ-১: PAYMENTঅপশন নির্বাচন করতে হবে ।

ধাপ-২: Payee Account or keyword: সরকারী প্রতিষ্ঠানের জন্য **T245** এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য **T272** হবে।

ধাপ-৩: Student ID = <পাসের সন><বোর্ড কোড><<রোল নম্বর> এন্ট্রি দিতে হবে (স্পেস দেয়ার প্রয়োজন নেই) ।

ধাপ-৪: Student mobile number লিখতে হবে।

ধাপ-৫: Customer mobile number লিখতে হবে।

ধাপ-৬: Student এর নাম সহAmount: Tk. 150/- প্রদর্শিত হবে এবং মোবাইল একাউন্ট এর পিন নম্বর প্রদান করলে Payment সফল Massage সহ Successful Massage প্রদর্শিত হবে।

শিওরক্যাশ হট লাইনঃ ০৯৬০৯২২৪৪৮৮

বিভিন্ন শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কোডসমূহঃ

ঢাকা বোর্ড - DHA, কুমিল্লা বোর্ড - COM, রাজশাহী বোর্ড - RAJ, যশোহর বোর্ড - JES, চট্টগ্রাম বোর্ড - CHI, বরিশাল বোর্ড - BAR, সিলেট বোর্ড - SYL. মাদরাসা বোর্ড - MAD, দিনাজপুর বোর্ড - DIN, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - TEC, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় - BOU, অন্যান্য - OTH।

ধাপসমূহ	করণীয়
১.২ অন-লাইনে আবেদন পদ্ধতি **(মেরিন ব্যতিত)**	(ক) ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) ও শিওরক্যাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান করার ৩০ মিনিট পর আবেদনকারী ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd-এ যেয়ে প্রোগ্রাম সংশ্লিষ্ট Govment বাটনে ক্লিক করবে । ক্লিক করার সাথে সাথেই আবেদনকারী বেসিক তথ্যাবলী ফরম দেখতে পারে। বেসিক তথ্যাবলী ফরমে আবেদনকারী তার বোর্ডের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ডের নাম, পাসের সন ও তার মোবাইল নম্বর এন্ট্রি পূর্বক 'Next' Button ক্লিক করবে। বেসিক তথ্যাবলী ফরমে আবেদনকারী তার মোবাইল নম্বর সতর্কতার সহিত প্রদান করবে- পরবর্তীতে সমস্ত যোগাযোগ প্রদত্ত মোবাইল নম্বরে করা হবে। (খ) 'Next' Button ক্লিক করার পর আবেদনকারী তার যাবতীয় তথ্য দেখতে পাবে। যদি আবেদনকারী ফি প্রদান না করে থাকে- সে ক্ষেত্রে আবেদনকারী আবেদন ফি প্রদান করেনি এরূপ Message প্রদর্শিত হবে। (গ) আবেদনকারী তার স্ক্যানকৃত ছবি (ফরমেট *.jpg , সাইজ 50 KB এবং 150 px x 120 px) আপলোড করবে। আপলোড করার পর নীচের 'Save and Next' Button ক্লিক করবে। সফলভাবে তথ্য সংরক্ষিত হলে আবেদনকারী উক্ত প্রোগ্রামের অপশন ফরম দেখতে পারবে এবং পূর্বে প্রদত্ত মোবাইলে Applicant ID ও Security Code সংক্রান্ত একটি SMS যাবে। অপশন ফরমে আবেদনকারীর তার ভর্তিচ্ছু প্রোগ্রামসমূহ Drop Down মেনুতে দেখতে পাবে। আবেদনকারী ভতিচ্ছু নির্দিষ্ঠ প্রোগ্রাম নির্বাচন করলে ইতিপূর্বে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট)-এ অথবা শিওরক্যাশ এর মাধ্যমে প্রদানকৃত আবেদন ফি এর Transaction ID Drop Down মেনুতে দেখতে পাবে। Drop Down মেনু হতে Transaction ID নির্বাচন করে 'Use Transaction ID' Button এ ক্লিক করলে Payment টি পূর্বে Select-কৃত প্রোগ্রামের জন্য ব্যবহৃত হবে। এখানে উল্লেখ্য যে, Transaction ID এক বার ব্যবহৃত হলে সেটি দিয়ে আর অন্য কোন প্রোগ্রামে ব্যবহার করা যাবে না। (ঘ) Transaction ID ব্যবহৃত হলে- আবেদনকারীকে নির্দিষ্ট জেলা, ঐ জেলার প্রতিষ্ঠান এবং ঐ প্রতিষ্ঠানের সিফ্‌ট, টেকনোলজি নির্বাচন করে 'Add Selected Institute' Button এ ক্লিক করতে হবে। এ ভাবে আবেদনকারী সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠান/টেকনোলজি নির্বাচন করতে পারবে। প্রতিষ্ঠান/টেকনোলজি নির্বাচন করার পর 'Submit' Button এ ক্লিক করে নির্বাচিত প্রোগ্রাম ও তার প্রতিষ্ঠান/টেকনোলজি এ আবেদন সম্পন্ন করবে। সফলভাবে আবেদন সম্পন্ন হলে আবেদনকারী বাম পার্শ্বে আবেদনকৃত প্রোগ্রামের লিংক দেখতে পাবে এবং Submit-কৃত আবেদনটি প্রিন্ট নিতে পারবে। (ঙ) আবেদনকারী তার প্রোগ্রামে Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি ও তার পছন্দক্রম দেখতে পারবে। আবেদনকারী চাইলে পরবর্তীতে তার একই প্রোগ্রামে প্রতিষ্ঠান/টেকনোলজি পছন্দক্রম পরিবর্তন এবং নতুন প্রতিষ্ঠান/টেকনোলজি সংযোজন ও পূর্বের Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি বিয়োজন করতে পারবে। (চ) একই আবেদনকারী একাধিক প্রোগ্রামে (যেমন- ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, এগ্রিকাচার টেকনোলজি ইত্যাদি) আবেদন করতে চাইলে- আবেদনকারীকে ২(দুই) বার Payment সম্পন্ন করে তার পূর্বে মোবাইলে প্রাপ্ত (User ID) (Applicant ID) এবং Security Code এন্ট্রি পূর্বের নিমাবলী অনুসরন করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। (ছ) সরকারি প্রতিষ্ঠানে (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের জন্য আবেদনকারী কোটা Selection এর Drop Down মেনু দেখতে পাবে। প্রোগ্রামে আবেদন করার পূর্বে আবেদনকারী তার প্রযোজ্য কোটা নির্বাচন করে তার নির্দিষ্ট প্রোগ্রাম Submit করবে। একই প্রার্থীর একাধিক কোটা প্রযোজ্য হলে- Drop Down মেনু থেকে একাধিক কোটা নির্বাচন করতে হবে।
১.৩ অন-লাইনে আবেদন পদ্ধতি **(মেরিন)**	(ক) www.btebadmission.gov.bd অথবা www.bteb.gov.bd অথবা www.tmed.gov.bd অথবা www.techedu.gov.bd অথবা www.nsdc.gov.bd ওয়েবসাইটের Home page হতে **"Diploma Engineering in Marine/Ship Building..."** form Open বাটনে ক্লিক করে Application form Open করতে হবে।

ধাপসমূহ	করণীয়
	(খ) ১ম ধাপে, আবেদনকারীর রোল, বোর্ড, পাসের সন এবং রেজিঃ নং পূরণ করতে হবে। আবেদনকারীর তথ্য, ধারা নং '৩' এ উল্লেখিত যোগ্যতা অনুযায়ী সঠিক হলে এবং টেলিটক/রকেট/শিওরক্যাশ এর মাধ্যমে ফি জমা দেয়া হয়ে থাকলে, আবেদনের পরের ধাপে যেতে পারবে। (গ) ২য় ধাপে রকেট/শিওরক্যাশ এর SMS এর মাধ্যমে পাওয়া Transaction Code পূরণ করতে হবে। Transaction Code সঠিক হলে পরের ধাপে যেতে পারবে। (ঘ) ৩য় ধাপে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারীর ছবি (পরিষ্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 KB) আপলোড করতে হবে। এছাড়াও আবেদনকারীর কোন কোটা যুক্ত হলে সেই সংক্রান্ত document আপলোড করতে হবে। (ঙ) ৪র্থ ধাপে (SMS এ আবেদনকৃত শিফ্‌ট এর পছন্দ অনুযায়ী) সকল প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের টেকনোলজি প্রদর্শিত হবে এবং সেখান থেকে প্রতি শিফ্‌ট এ অনধিক ৬ টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে। (চ) অতঃপর আবেদনকারীকে তার সকল তথ্য, ছবি, পছন্দকৃত প্রতিষ্ঠান-টেকনোলজি এবং পছন্দক্রম প্রদর্শন করা হবে, এবং আবেদন সম্পন্ন করার সর্বশেষ অনুমতি চাওয়া হবে। আবেদন সম্পন্ন হলে আবেদনকারীর contact মোবাইলে SMS এর মাধ্যমে আবেদনের Application ID এবং PIN Number পাঠানো হবে। এই Application ID এবং PIN Number দিয়ে পরবর্তীতে আবেদনকারী তার আবেদনের তথ্যসমূহ পরিবর্তন করতে পারবে।
১.৪ কোটা প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে)	সরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি নীতিমালা ২০১৮ অনুযায়ী কোটা নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা অন-লাইনে মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটার তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- প্রাথী তা অন-লাইন দিতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট কারিগরি প্রতিষ্ঠান কর্তৃক কোটা সংক্রান্ত দলিলাদি যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

২। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য:

ধাপসমূহ	করণীয়
২.১ ভর্তির ফলাফল প্রকাশ	অন-লাইনে আবেদন গ্রহণ শেষ হলে- কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি নীতিমালা ২০১৮ অনুসরন করে ফলাফল প্রক্রিয়াকরণপূর্বক শিক্ষার্থীদেরকে তাদের প্রদত্ত মোবাইলে SMS-এর মাধ্যমে ফলাফল জানিয়ে দেয়া হবে। তাছাড়াও, শিক্ষার্থীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.btebadmission.gov.bd থেকে User ID (Applicant ID) এবং Security Code ব্যবহার করে তাদের ফলাফল জানতে পারবে। ফলাফল প্রকাশের তারিখ কারিগরি শিক্ষা বোর্ড বিজ্ঞপ্তির মাধ্যমে জানাবে।
২.১ লগইন (Login)	আবেদনকারী তার User ID (Applicant ID) এবং Security Code দিয়ে ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd এ Login করলে শিক্ষার্থী তার নাম, নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং প্রয়োজনে উক্ত ফরমটি প্রিন্ট নিতে পারবে ।
২.২ সংশ্লিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি এবং ভর্তি নিশ্চায়ন	আবেদনকারী নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য Applicant ID ব্যবহার করে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) ও শিওরক্যাশ এর মাধ্যমে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রদান করলে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি নিশ্চিত হয়ে যাবে। এ ব্যাপারে ভর্তি ফি ও ভর্তি ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ফলাফল প্রকাশের পর জানানো হবে।

৩। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের করণীয় বিষয়সমূহ:

ধাপসমূহ	করণীয়
৩.১ লগইন (Login)	প্রতিটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনে আলাদাভাবে ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য পূর্বে বোর্ডের বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত User ID ও Password ব্যবহার করে ওয়েবসাইট www.btebadmission.gov.bd-এ Login করতে হবে।
৩.২ আবেদনকারীদের তথ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা এবং ভর্তির ফলাফল Download করণ	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ঐ প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত আবেদনকারীদের তথ্য দেখার ব্যবস্থা থাকবে। বিভিন্ন সময়ে ঘোষিত ফলাফল ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd এ দেখা ও Download করার ব্যবস্থা থাকবে। সফট্ওয়্যার সিস্টেমটিতে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান তার মোট আবেদনকারীর সংখ্যা, অনুযায়ী নির্বাচিত, মেধা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের তালিকা ও সংখ্যা, ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এবং বর্তমানে খালি আসনের সংখ্যা দেখার ব্যবস্থা থাকবে।
৩.৩ ভর্তি নিশ্চায়ন	নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি বাবদ নির্ধারিত ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) ও শিওরক্যাশ এর মাধ্যমে Application ID বিপরীতে প্রদান সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি নিশ্চায়ন হবে। এভাবে শিক্ষার্থীরা ভর্তি হলে- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তাদের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রতিষ্ঠান/টেকনোলজি অনুযায়ী তালিকা দেখতে পাবে।
৩.৪ কোটায় নির্বাচিত প্রার্থীদের দাখিলকৃত দলিলাদি যাচাইকরণ	সরকারি প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন কোটায় নির্বাচিত আবেদনকারীদের যথাযথ দলিলাদি যাচাইকরণ ছাড়া কোন প্রকারেই ভর্তি করানো যাবে না। কোন প্রার্থী কোটায় নির্বাচিত হলে- নির্বাচিত শিক্ষার্থীকে ঐ কোটার সম্পর্কিত দলিলাদি সংশ্লিষ্ট কারিগরি প্রতিষ্ঠানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান জমাদানকৃত দলিলাদি যথাযথভাবে যাচাইকরণের পর- তথ্য সঠিক হলেই প্রার্থীকে ভর্তির অনুমতি প্রদান করবে। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের কোটা সংক্রান্ত কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে যাচাইকরণের পর, শিক্ষার্থীরা ভর্তি ফি প্রদান করবে। এখানে উল্লেখ্য যে, ভর্তির পর শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

(মোঃ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা